চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের
৮টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৮টি স্থায়ী কমিটির সভায় আগামী ১৪ এপ্রিল ২০১৭ খ্রি. নগরীর স্বাধীনতা পার্কে দিনব্যাপী বৈশাখী উৎসব এবং ১৫ এপ্রিল পৌরকর, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে র‌্যালী ও সমাবেশ বেলা সাড়ে ১১টায় নগরীর ৪১টি ওয়ার্ডে একযোগে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়াও নগরীর উন্নয়ন কার্যক্রমের জরিপ পরিচালনা, চলমান উন্নয়ন কার্যক্রম কঠোর হস্তে তদারকি করা এবং চলমান টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্থায়ী কমিটি সমূহের সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, ১ বৈশাখ নববর্ষ বাঙালির জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ একটি দিন। এ দিবসটিকে স্মরনীয় করার লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত সেবক থেকে মেয়র পর্যন্ত সম্মিলিত পরিবার সকলে একযোগে উৎসবে মিলিত হবে। এ লক্ষে স্বাধীনতা পার্কে মিলন মেলা, বৈশাখী উৎসব অনুষ্ঠিত হবে। নববর্ষের এ দিনে সকলকে নি:স্বার্থ সেবার জন্য শপথ গ্রহন করানো হবে। নগরবাসীর সেবায় নিয়োজিত প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে সেবার মনোভাব নিয়ে স্ব স্ব দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করতে হবে। এ ছাড়াও হোল্ডিং ট্যাক্স বিষয়ে জনমনের বিভ্রান্তি দুর করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন সচেতনতামূলক প্রচার কার্যক্রম হাতে নিয়েছে। এ লক্ষে ১৫ এপ্রিল বেলা সাড়ে ১১ টায় নগরীর ৪১টি ওয়ার্ডে সর্বস্তরের জনগনের অংশ গ্রহনে গণর‌্যালি ও আলোচনা সভার আয়োজন করা হবে। এ ছাড়াও একই সময়ে জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকের বিরুদ্ধে জনমত সৃষ্টির লক্ষে গণর‌্যালিতে ব্যানার, ফেষ্টুন, প্লে-কার্ড বহন করা হবে। মেয়র বলেন, বাংলাদেশকে নিরাপদ ও শান্তির এলাকা হিসেবে প্রতিষ্ঠার লক্ষে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদককে চিরতরে এ দেশ থেকে উৎখাত করতে হবে। এ লক্ষে দল-মত-ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। ৯ এপ্রিল ২০১৭ খ্রি. রবিবার, দুপুর থেকে বিকাল পর্যন্ত নগর ভবনের সম্মেলন কক্ষে নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষন, যোগাযোগ, পানি ও বিদ্যুৎ, পরিচালনা ও রক্ষনাবেক্ষন, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা স্ব স্ব কমিটির সভাপতি যথাক্রমে কাউন্সিলর নাজমুল হক ডিউক, মো. মোরশেদ আলম, মো. জাবেদ, মো. সলিম উল্লাহ, মো. আবদুল কাদের, ছালেহ আহমদ চৌধুরী, এম আশরাফুল আলম এবং সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব যথাক্রমে মিসেস নাজিয়া শিরিন, লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ এবং কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের রোগীকল্যাণ সমিতি নেতৃবৃন্দের সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ৯ এপ্রিল ২০১৭ খ্রি. রবিবার, বিকেলে নগরভবনে সম্মেলন কক্ষে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের রোগীকল্যাণ সমিতির নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তারা রোগীকল্যাণ সমিতির কার্যক্রমের বিস্তারিত তথ্য মেয়রের নিকট উপস্থাপন করেন। আয়ের উৎস, ব্যয়ের খাত ইত্যাদি বিষয়গুলোর তথ্য উপাত্ত পেশ করেন। এ সময় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, দরিদ্র বান্ধব সরকার সামাজিক বেষ্টুনীর মাধ্যমে রাষ্ট্রীয়ভাবে নানা মুখী উদ্যোগ গ্রহন করে দারিদ্র বিমোচনের দায়িত্ব পালন করছে। পাশাপাশি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল রোগীকল্যাণ সমিতিও দরিদ্র এবং অসহায় রোগীদের ভর্তি চিকিৎসা বিষয়ে সহযোগিতা দিয়ে যাচ্ছে। মেয়র বলেন, দরিদ্র ও অসহায় রোগীদের কল্যাণে রোগীকল্যাণ সমিতির জন্য ১০ কোটি টাকার একটি তহবিল গঠন করা হবে। যাতে দরিদ্র ও অসহায় রোগীদের ঔষধ, পথ্য, রক্ত, বস্ত্র, চশমা, কৃত্রিম অংগ, যাতায়াত খরচ ইত্যাদি ব্যয় করা সম্ভব হয়। এ লক্ষে তিনি সমাজের দানশীল, বিত্তবান, মহানুভব ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহযোগিতা কামনা করেন। এ সময় রোগীকল্যাণ সমিতির সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল ডা. জালাল উদ্দিন, সহ সভাপতি ডা. তৈয়ব সিকদার, আলহাজ্ব মাহমুদুল হাসান, হাফেজ আমান উল্লাহ, মুজিবুল হক সিদ্দিকী বাচ্চু, জিয়া উদ্দিন খালেদ চৌধুরী, সৈয়দ মোরশেদ হোসেন, সমাজকল্যাণ কর্মকর্তা অভিজিৎ সাহা সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় উচ্ছেদ অভিযানে ভ্রাম্যমান আদালত

৯ এপ্রিল ২০১৭ খ্রি. রবিবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সিটি ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী ব্যাটারী চালিত রিক্সা উচ্ছেদের অংশ হিসেবে পাঁচলাইশ থানাধীন বিবিরহাটস্থ আবদুল মজিদের রিক্সার গ্যারেজে অভিযান চালিয়ে ৫২টি অবৈধ ব্যাটারী চালিত রিক্সার চার্জার জব্দ করা হয়। একই অভিযানে কোতোয়ালী থানাধীন খাতুনগঞ্জ এলাকায় নালা ও সিটি কর্পোরেশনের রাস্তার উপর অবৈধভাবে দোকানের মালামাল ও তেলের ড্রাম রেখে সর্বসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টির দায়ে মক্কা ষ্টোরকে ৫ হাজার টাকা, আব্বাস ষ্টোরকে ৫ হাজার টাকা, জে আর ষ্টোরকে ২ হাজার টাকা, মিম ট্রেডিংকে ২ হাজার, বারদা ষ্টোরকে ২ হাজার টাকা, মদিনা বহুমুখী মুরগী বিক্রয় কেন্দ্রকে ২ হাজার টাকা ও আমির ষ্টোরকে ২ হাজার টাকা সহ সর্বমোট ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি¬ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

অবাধ তথ্য প্রযুক্তির সুফল গ্রহণ এবং কুফল বর্জন করতে হবে মোহরা সায়েরা খাতুন কাদেরীয়া বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, অবাধ তথ্য প্রযুক্তির সুফল গ্রহণ এবং কুফল বর্জন করতে হবে। শিক্ষার্থীদের সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষে বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র প্রত্যেকের সুপ্ত প্রতিভা বিকশিত করে নিজেদেরকে সৎ, যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে উঠার আহবান জানান। মেয়র ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে বলেন,পিতা-মাতার কথা শুনতে হবে এবং পিতা মাতাকে সর্বোচ্চ সম্মান দেখাতে হবে। ৭ এপ্রিল ২০১৭ খ্রি. শুক্রবার, বিকেলে মোহরা সায়েরা খাতুন কাদেরীয়া বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। অত্র কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র স্কুল ও কলেজ গভর্নিং বডির সভাপতি ও চসিক প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কাউন্সিলর মো. আজম, চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক সুমন বড়ুয়া, বিদ্যালয় পরিদর্শক কাজী নাজিমুল ইসলাম, সাবেক অধ্যক্ষ সফি কাদেরী, গভর্নিং বডির সাবেক সভাপতি আমিনুর রশিদ কাদেরী। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর জাতীয় শ্রমিকলীগের সভাপতি বখতেয়ার উদ্দিন খান, মহানগর আওয়ামীলীগের সদস্য মোহাম্মদ বেলাল উদ্দিন, মেয়রের একান্ত সহকারী সচিব রায়হান ইউসুফ, আশেক রসুল খান বাবু, নঈমুর রহমান, রুবায়েত হোসেন, যুবলীগের সাবেক সভাপতি ইমতিয়াজ চৌধুরী, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অত্র স্কুল ও কলেজের অধ্যক্ষ হাসিনা মমতাজ। অনুষ্ঠানের শুরুতে ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় সংগিত পরিবেশন, অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয় । অনুষ্ঠানের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সৎ ও যোগ্য নাগরিক দ্বারা দেশের কল্যান হবে। বর্তমান ও আগামী প্রজন্মের উপর নির্ভর করে ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে উন্নিত হবে। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

শিক্ষা ক্ষেত্রে নারী পুরুষের মধ্যে কোন পার্থক্য নেই ফতেয়াবাদ বহুমুখি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর নবীণ বরন, বার্ষিক পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষা ক্ষেত্রে নারী পুরুষের মধ্যে কোন পার্থক্য নেই। সকল মানুষ এক আল্লাহর সৃষ্টি। নারীর ক্ষমতায়নে বর্তমান সরকার সর্বক্ষেত্রে সুযোগ সৃষ্টি করে দিয়েছে। নারীরা স্বমহিমায় নিজেদের দক্ষতা কাজে লাগানোর সুযোগ পাচ্ছে। মেয়েদের শিক্ষা অর্জনের স্বার্থে সরকার উপবৃত্তি সহ বহু ধরনের সুযোগ সুবিধা দিয়ে যাচ্ছে। তিনি আশা করেন সৎ ও যোগ্য নাগরিক দ্বারা দেশের কল্যান হবে। ৫ এপ্রিল ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে ফতেয়াবাদ বহুমুখি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর নবীণ বরন, বার্ষিক পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। অত্র কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর তৌফিক আহমদ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন

মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম এর কলেজ পরিদর্শক সুমন বড়ুয়া, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর নাজমুল হক ডিউক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, স্বাগত বক্তব্য রাখেন অত্র স্কুল ও কলেজের অধ্যক্ষ এস এম বখতেয়ার। অনুষ্ঠানের শুরুতে ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় সংগিত পরিবেশন, অতিথিদের ক্রেষ্ট ও ফুল দিয়ে বরণ করা হয় । অনুষ্ঠানের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অবাধ তথ্য প্রযুক্তির সুফল গ্রহণ এবং কুফল বর্জন করতে হবে। শিক্ষার্থীদের সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষে বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র প্রত্যেকের সুপ্ত প্রতিভা বিকশিত করে নিজেদেরকে সৎ, যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে উঠার আহবান জানান। বর্তমান ও আগামী প্রজন্মের উপর নির্ভর করে ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে উন্নিত হবে। তিনি সিটি কর্পোরেশনের শিক্ষা বিস্তার, স্বাস্থ্য সেবা সহ ক্লিন ও গ্রিন সিটি গড়ার ক্ষেত্রে সর্ব মহলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন।

চট্টগ্রাম- ৯ এপ্রিল ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি এর সৌজন্য সাক্ষাৎ

৯ এপ্রিল ২০১৭ খ্রি. রবিবার, সন্ধ্যায় নগরভবন মেয়র দপ্তরে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম রেঞ্জের নবনিযুক্ত ডিআইজি এস এম মনির-উজ-জামান বিপিএম, পিপিএম সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো.সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, এডিশনাল ডিআইজি মোহাম্মদ সাখাওয়াত হোসাইন সহ কাউন্সিলর ও চসিকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সৌজন্য সাক্ষাতে নবনিযুক্ত ডিআইজি মেয়রের সহযোগিতা কামনা করেন। মেয়র চট্টগ্রাম জেলা সহ চট্টগ্রাম বিভাগে জঙ্গী ও সন্ত্রাসী এবং মাদক সেবী ও বিক্রেতাদের কঠোর হস্তে দমন করার জন্য ডিআইজিকে অনুরোধ জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা